

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসক ও রিটার্নিং অফিসারের কার্যালয়  
কুষ্টিয়া  
www.kushtia.gov.bd

স্মারক নং-০৫.৪৪.৫০০০.০০৪.১৮.০৪৩.২৩-১২৫৮/২

তারিখঃ ০১ অগ্রহায়ণ ১৪৩০  
১৬ নভেম্বর ২০২৩

পোস্টাল ব্যালটে ভোটদান সংক্রান্ত গণ-বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাননীয় নির্বাচন কমিশন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের জন্য সময়সূচি প্রকাশ করেছেন। উক্ত সময়সূচি অনুযায়ী ভোটগ্রহণের তারিখ আগামী ০৭ জানুয়ারি ২০২৪ রোজ রবিবার। জাতীয় সংসদ নির্বাচনে কতিপয় ব্যক্তিবর্গের জন্য পোস্টাল ব্যালট এর মাধ্যমে ভোটাধিকার প্রয়োগের বিধান রয়েছে।

০২। পোস্টাল ব্যালটে ভোটদান: গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ২৭ অনুচ্ছেদে জাতীয় সংসদ নির্বাচনে নিম্নরূপ ব্যক্তিবর্গের পোস্টাল ব্যালট এর মাধ্যমে ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন।

(ক) ভোটার তালিকা আইন, ২০০৯ এর ৮ এর উপ-ধারা (ত) এবং (৫০ এ বর্ণিত ব্যক্তিবর্গ।

(খ) কোন ব্যক্তি তিনি যে ভোটকেন্দ্রে ভোট দেয়ার অধিকারী সে কেন্দ্র ছাড়া অন্য কোন ভোটকেন্দ্রে নির্বাচন সংক্রান্ত কোন দায়িত্ব পালনের জন্য নিযুক্ত আছেন;

(গ) বাংলাদেশী ভোটার বিদেশে বসবাস করলে।

(৩) পোস্টাল ব্যালটে ভোটদানের জন্য আবেদন: ভোটাধিকারের জন্য (ক) দফায় উল্লিখিত ব্যক্তিবর্গ কমিশন কর্তৃক নির্বাচনি সময়সূচির প্রজ্ঞাপন ঘোষণার দিন হতে ১৫ (পনের) দিনের মধ্যে পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটদানের জন্য রিটার্নিং অফিসারের নিকট বিধি অনুসারে আবেদন করতে পারবেন এবং নির্বাচনের কাজে নিযুক্ত ব্যক্তিগণকেও নির্বাচনি কাজে নিয়োগপ্রাপ্ত হওয়ায় সাথে সাথে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের নিকট আবেদন করতে হবে।

(৪) কোন ভোটার পোস্টাল ব্যালটে ভোট প্রদানের জন্য তার ব্যালট পেপাল প্রাপ্তির পর, নির্ধারিত পদ্ধতি, তার ভোট রেকর্ড করিবার পর ব্যালট পেপারটি দফা (৩) এর অধীন তার নিকট প্রেরিত খামে ন্যূনতম বিলম্বের মধ্যে রিটার্নিং অফিসারের নিকট ডাকযোগে প্রেরণ করবেন।

উল্লেখ্য যে, কুষ্টিয়া জেলার ০৪টি সংসদীয় আসনের [৭৫ কুষ্টিয়া-১ (দৌলতপুর), ৭৬ কুষ্টিয়া-২ (মিরপুর ও ভেড়ামারা), ৭৭ কুষ্টিয়া-৩ (কুষ্টিয়া সদর), ৭৮ কুষ্টিয়া-৪ (খোকসা ও কুমারখালী)] পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটদানের জন্য যোগ্য ভোটারগণ উপরের নির্দেশনা অনুসরণ করে আগামী ৩০ নভেম্বর ২০২৩ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবর আবেদন করতে পারবেন।

তারিখ: ১ ৯ দিন ১ ১ মাস ২ ০ ২ ৩ বছর

(মোঃ এহেতেশাম রেজা)  
জেলা প্রশাসক, কুষ্টিয়া


ও  
রিটার্নিং অফিসার  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন  
☎ ০২৪৭৭৭৮২৩০০  
dckushtia@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৪.৫০০০.০০৪.১৮.০৪৩.২৩-১২৫৮/২

তারিখঃ ০১ অগ্রহায়ণ ১৪৩০  
১৬ নভেম্বর ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
- ৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৪। পুলিশ সুপার, কুষ্টিয়া।
- ৫। জেলা নির্বাচন অফিসার, কুষ্টিয়া।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, (সকল), কুষ্টিয়া (এই গণ-বিজ্ঞপ্তিটি তাঁর উপজেলার সর্বত্র প্রচার এবং নিজ কার্যালয়সহ অন্যান্য কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৭। সিনিয়র জেলা তথ্য অফিসার, কুষ্টিয়া (গণ-বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট নির্বাচনী এলাকায় বহুল প্রচারের অনুরোধসহ)
- ৮। উপজেলা নির্বাচন অফিসার, (সকল), কুষ্টিয়া।
- ৯। অফিস কপি।

  
(মোঃ এহেতেশাম রেজা)  
জেলা প্রশাসক, কুষ্টিয়া  
ও  
রিটার্নিং অফিসার  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন